দর্শনায় ইয়াবাসহ একজন আটক

দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২১ পিচ ইয়াবাসহ ১ জনকে আটক করেছে।
জানা গেছে, গতকাল বৃহস্পতিবার দুপুর পৌনে ১ টার দিকে দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের এস আই জাকির হোসেন এ এস আই মারুফ ও রাকিব সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালান রামনগর রাস্তার উপর।

এ সময় পুলিশ দামুড়হুদা থানার কুড়ালগাছি ইউনিয়নের হরিশ্চন্দ্রপুর গ্রামের মৃত আকবর আলীর ছেলে ইয়াবা ব্যাবসায়ী আলফাজ(২২) কে তার দেহ তল্লাশি করে ২১ পিচ ইয়াবা উদ্ধার করে।
পরে, মাদক দ্রব্য আইনে এস আই জাকির হোসেন বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করেন।

- দর্শনা প্রতিনিধি

জন্মদিনের পার্টিতে বিষাক্ত এ্যকোনাইড ন্যাপ খেয়ে ৩ বন্ধুর মৃত্যু, গুরুতর অসুস্থ-৩

কুষ্টিয়ায় জন্মদিনের পার্টিতে এনার্জি ড্রিংকের সঙ্গে হোমিও এ্যকোনাইড ন্যাপ মেডিসিন মিশিয়ে পান করে ৬ বন্ধু। পরে তারা সকলেই অসুস্থ হয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি হয়। চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি বন্ধু।

অপর তিন বন্ধু আশঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন রয়েছেন বলে কর্তব্যরত চিকিৎসক জানান। এদিকে এ্যকোনাইড ন্যাপ মাত্রাতিরিক্ত বিক্রয়ের অপরাধে রাফি হোমিও ফার্মেসী সিলগালা করেছে কুষ্টিয়া

সদর উপজেলা নির্বাহী অফিসার।

গতকাল বৃহস্পতিবার (১২ ডিসেম্বর) দুপুরে শহরের এন.এস. রোড সংলগ্ন পাবলিক মাঠ চত্বরে এ ঘটনা ঘটে। মৃতরা হলেন শহরের আমলাপাড়া এলাকার মফিজুল ইসলামের ছেলে জিহাদুর রহমান সাজিদ (২০), থানাপাড়া এলাকার সাগরের ছেলে ফাহিম হোসেন (২১) ও আরমানের ছেলে পাভেল ইসলাম (২৩)। তারা তিনজনই বন্ধু।

গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন আরও তিন বন্ধু। তারা হলেন শহরের থানাপাড়া এলাকার শরিফ এর ছেলে সুরুজ (২০), রাজুর ছেলে শান্তি (২২) ও আড়ুয়াপাড়া এলাকার শরিফুলের ছেলে আতিকুল ইসলাম সজীব (২৩)। সুরুজকে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠিয়েছেন কর্তব্যরত চিকিৎসক।

মৃত জিহাদুর রহমান সাজিদ বিকেএসপির বাস্কেট বল খেলোয়াড়। পারিবারিক ও স্থানীয় সূত্র জানায়, বন্ধু ফাহিমের জন্মদিন উপলক্ষে বৃহস্পতিবার দুপুরে ফাহিমসহ সাজিদ, পাভেল, সুরুজ, শান্তি ও আতিকুল শহরের পাবলিক লাইব্রেরি মাঠে মিলিত হয়। এ সময় স্পিড এনার্জি ড্রিংকের সঙ্গে অ্যালকোহল মিশিয়ে পান করে ছয় বন্ধু।

কিছুক্ষণ পরই অসুস্থ হয়ে পড়েন তারা। পরে তাদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় সাজিদ, ফাহিম ও পাভেলের মৃত্যু হয়।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল কর্মকর্তা (আরএমও) চিকিৎসক তাপস কুমার সরকার বলেন, বিকেলে ছয় বন্ধু একে একে হাসপাতালে এসে জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসককে জানায় ডিম খাওয়ার পর থেকে তাদের মাথা ঘুরছে, শরীরের ভেতর অস্থির লাগছে। ব্যাপারটি সন্দেহজনক মনে হলে তাদের জিজ্ঞাসা করলে স্পিড এনার্জি ড্রিংকের সঙ্গে অ্যালকোহল মিশিয়ে পান করার কথা স্বীকার করে ছয় বন্ধু।

পরে তাদের চিকিৎসা দেয়া হয়। চিকিৎসাধীন অবস্থায় তিনজনের মৃত্যু হয়। সুরুজ নামে একজনকে গুরুতর অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। বাকি দুজনের অবস্থা আশঙ্কাজনক। তাদের জেনারেল হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে।
মৃত সাজিদের মামা পিয়াস বলেন, গত মাসে ভাগনে ঢাকা থেকে বাড়িতে এসেছিল। বিকেএসপির বাস্কেট বল খেলোয়াড় সাজিদ। পাশাপাশি নবম শ্রেণির ছাত্র ছিল সে।

তিনি বলেন, শহরের কোর্ট স্টেশনের পেছনের রাফি হোমিও হল থেকে ১০০ টাকায় (এ্যকোনাইড ন্যাপ) কাচের বোতলে থাকা কিছু কিনেছিল তারা ছয় বন্ধু। পরে তা খেয়ে অসুস্থ হয়ে তিন বন্ধুর মৃত্যু হয়েছে। কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মোস্তাফিজুর রহমান বলেন, এরা সবাই তরুণ। তারা অ্যালকোহল জাতীয় দ্রব্য কোথায় পেল বা কে বিক্রি করল বিষয়টি নিয়ে তদন্ত চলছে। একজনকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নেয়া হয়েছে।

এরপর কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট জুবায়ের হোসেন চৌধুরী রাফি হোমিও ফার্মেসী সিলগালা করে দেন।

- কুষ্টিয়া প্রতিনিধি

আলমডাঙ্গা থানার উদ্যোগে বিজয় দিবস উপলক্ষে হামদ-নাত প্রতিযোগীতা

আলমডাঙ্গা থানা ও চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপারের উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে হামদ-নাত, কিরাত ও রচনা প্রতিযোগীতা অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল সাড়ে ১০টার দিকে উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চে অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান।

প্রতিযোগীতায় বিচারক হিসেবে উপস্থিত ছিলেন মাওলানা হাফিজুর রহমান, মাওলানা হজরত আলী, আলইকরা ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ এনামুল হক, মাওলানা আব্দুল হান্নান।

এ ছাড়াও অনুষ্টানে বক্তব্য রাখেন বনিক সমিতির সম্পাদক মীর শফিকুল ইসলাম, ওসি অপারেশন স্বপন কুমার দাস, ইসলামি ফাউন্ডেশনের কর্মকর্তা আরাফাত উল্লাহ, প্রেসক্লাবের সম্পাদক মুক্তিযোদ্ধা

হামিদুল ইসলাম আজম, এস আই আসিকুর রহমান প্রমুখ।

প্রতিযোগীতায় অংশ নেয়, আলমডাঙ্গা মাদ্রাসা,পাচকমলাপুর মাদ্রাসা, শ্যামপুর মাদ্রাসা, নওলামারি মাদ্রাসা ও কলাকেন্দ্র।

কেরাত প্রতিযোগীতায় আলমডাঙ্গা মাদ্রাসার ছাত্র মাহমুদুল হাসান প্রথম, একই মাদ্রাসার ইয়াসিন খান দ্বিতীয় এবং পাচঁকমলাপুর মাদ্রাসার ছাত্র আব্দুল হাই তৃতীয় স্থান অধিকার করেছে।

রচনা প্রতিযোগীতায় প্রতিযোগীতায় যারা অংশ নিয়েছে তাদের খাতা দেখা হলে নাম জানানো হবে এবং বিজয় দিবসের দিন বিজয়িদের পুরস্কার দেওয়া হবে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গার ফরিদপুর গ্রামে তাফছির মহফিল পরবর্তি জরুরি সভা

আলমডাঙ্গার ফরিদপুর গ্রামে তাফছির মহফিল পরবর্তি মন্ডলদের জরুরি সভা অনুষ্টিত হয়েছে।
গত বুধবার বেলা সাড়ে ১১টার দিকে ফরিদপুর স্কুল পাড়া জামে মসজিদ প্রাঙ্গনে এই সভা অনুষ্টিত হয়।
সভায় সভাপতিত্ব করেন বদরদ্দিন ভাদু মন্ডল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১০ গ্রামের মন্ডল ও আলমডাঙ্গা পৌর সভার সাবেক মেয়র মুক্তিযোদ্ধা এম সবেদ আলী।

তিনি বলেন এটা বিজয়ের মাস, ১৯৭১ সালের এই মাসে আমরা পাকিস্থানিদের পরাজিত করে বিজয় ছিনিয়ে এনেছিলাম। তাই এই বিজয়ের মাসে সকলকে শপথ নিতে হবে, গ্রাম থেকে সন্ত্রাস, বাল্যবিয়ে, জঙ্গিবাদ, মাদকের হাত থেকে যুব সমাজকে রক্ষা করতে পদক্ষেপ নেব। বাল্যবিয়ে দেব না, মাদক বা নেশা করব না, সন্ত্রাস মুক্ত সমাজ গড়ব।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ডল ও সোনালী ব্যাংকের সিনিয়র প্রিন্সিপাল অফিসার সিরাজুল ইসলাম, এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, মন্ডল তাইজাল হোসেন, মন্ডল আ.ফ.ম সিরাজ সামজি, আবুল কাশেম, রিকাত আলী, মানোয়র হোসেন।

মন্ডল ইমদাদুল হক জান্টুর উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন দাউদ জোয়ার্দার, আমজেদ মন্ডল, আতিয়ার মন্ডল, পলান মন্ডল, জগলুল কবির, সুজাউল হক মনা, মতিয়ার রহমান, সাদেক মন্ডল, সোহরাব উদ্দিন, রবিউল হক, আসাদুজ্জামান পানু প্রমুখ।

সভায় সম্প্রতি তাফসির মাফিল পরবর্তি আলোচনা ও উপদেষ্টা মন্ডলির সকল সদস্য, কোষাধক্ষ কমিটি থেকে পদত্যাগ করবেন বলে ঘোষণা দেন এবং অচিরেই নতুন উপদেষ্টা কমিটি সহ পুর্নাঙ্গ কমিটি গঠন করা হবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

মালয়েশিয়া প্রবাসী জাফর ইকবালের লাশের দাফন সম্পন্ন

মেহেরপুর জেলার পিরোজপুর ইউনিয়নের সিংহাটি পশ্চিম পাড়ার মালয়েশিয়া প্রবাসী জাফর ইকবালের লাশ নিজ গ্রামে দাফন সম্পন্ন হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার সময় জানাজা সিংহাটি পশ্চিম পাড়ার ঈদগা মাঠে অনুষ্ঠিত হয়। জানাজা শেষে স্থানীয় কবরস্থানে দাফন কাজ সম্পন্ন করা হয়। জাফর ইকবালের পিতার নাম ফাকের আলী। মাতার নাম রোমেল খাতুন।

উল্লেখ্য, ৭ ডিসেম্বর শনিবারে মালয়েশিয়ায় কর্মরত অবস্থায় হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তার লাশ দেশে আসতে ৬ দিন সময় লাগে।

তার স্ত্রী মমতাজ বেগম জানান, পরিবারের অভাব অনটনের কারণে তাকে দেড় বছর আগে মালয়েশিয়াতে পাঠানো হই। পাঠানোর সময় অনেক টাকা ধার দিনা করা হয়েছিল। ধার দিনা এখনও শোধ করতে পারিনি।

আমাদের পরিবারের একমাত্র উপার্জন করার মত তিনি ছিলেন। তার মৃত্যুতে আমাদের পরিবার একেবারে শেষ হয়ে গেছে। মৃত জাফর ইকবালের দুইটা সন্তান আছে। একটার সন্তানের বয়স ১১ বছর ও আরেকটার বয়স ৫ বছর।

তারা তাদের বাবার মৃত্যুর খবর শুনে কান্নাকাটি করে ভেঙে পড়ে। জাফর ইকবালের মৃত্যুতে গ্রামের মানুষ এখন শোকাহত।

- নরুল ইসলাম, বারাদী

গাংনীর সাহারবাটি ইউনিয়ন পরিষদে দুস্থ্যদের মাঝে কম্বল বিতরণ

মেহেরপুরর গাংনী উপজেলার সহারবাটি ইউনিয়ন পরিষদের উদ্যোগে দুস্থ্য অসহায় ব্যাক্তিদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার সময় সাহারবাটি ইউপি কার্যালয়ে কম্বল বিতরণ করেন ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক।

এসময় ইউপি সচিব আব্দুল মতিন, ইউপি সদস্যবৃন্দ, স্থানীয় ওয়ার্ড আওয়ামী লীগের ওয়ার্ড কমিটির সভাপতি, সম্পাদক ও স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের ৫৬০ জনের হাতে এসময় কম্বল তুলে দেয়া হয়।

এসময় ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক বলেন, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ত্রাণতহবিল থেকে প্রদানকৃত কম্বল দেশের আনাচে কানাচে গরীব দুস্থ্য ব্যাক্তিদের মাঝে এসকল কম্বল বিতরণ করছেন। এটি আপনাদের জন্য প্রধানমন্ত্রীর উপহার।

এপর্যন্ত গাংনী উপজেলার মোট ৯ টি উনিয়নে ৫০৪০ জনকে কম্বল প্রদান করা হয়। প্রতিটি ইউনিয়ন পরিষদের মাধ্যমে কম্বল বিতরণ কাজ চলছে।

- নিজস্ব প্রতিনিধি

দামুড়হুদায় ভ্রাম্যমান গবাদি প্রাণী চিকিৎসা ক্লিনিক ও গরুর বাছুর প্রদর্শনী

দামুড়হুদায় ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজের ভ্রাম্যমান গবাদি প্রাণী চিকিৎসা ক্লিনিক ও ব্র্যাকের নিকট থেকে সিমেন সংগ্রহ ও ব্যবহার করে উৎপাদিত গরুর বাছুর প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

উপজেলার লোকনাথপুর ফুটবল মাঠে গত মঙ্গলবার অনুষ্ঠিত গরুর বাছুর প্রর্দশনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে শাহ পোল্ট্রি হ্যাচারীর পরিচালক এস এম জাহীদ হাসান জনির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. মো: গোলাম মোস্তফা।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মো: গোলাম হায়দার এবং হাউলী ইউনিয়ন পরিষদদের ইউপি সদস্য রিকাত আলী।

ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজের ভেটেরিনারি সার্জন ডা. মোঃ অলিদ হোসেন এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজের ভেটেরিনারি সার্জন ডা: এরমান আলী এবং ডা: হুমায়ূন কবীর সবুজ।

অনুষ্ঠানে ব্র্যাক এর সংগ্রহীত সিমেন ব্যবহারকারী শ্রেষ্ঠ ২৫ জন খামারীকে পুরষ্কার প্রদান ছাড়াও কৃত্রিম প্রজননের উপর নির্মিত নাটক সুখের খনি বড় পর্দায় প্রদর্শন করা হয়।

- দর্শনা প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলমডাঙ্গা মহান বিজয় দিবস উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্টিত

আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল সন্ধায় উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যলয়ে পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম, ১নং-ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সোনাউল্লাহ, সম্পাদক কামাল হোসেন, ২নং ওয়ার্ডের সভাপতি দীনেশ কুমার, সম্পাদক ও পৌর কাউন্সিলর জহুরুল ইসলাম স্বপন।

যুবলীগ নেতা সাইফুর রহমান পিন্টুর উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, ২নং ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর আলম খান, সম্পাদক খন্দকার মজিবুল ইসলাম, ৭ নং ওয়ার্ড সভাপতি দেলোয়ার হোসেন, ৯নং ওয়ার্ড সভাপতি শহিদুল হক মোল্লা, সম্পাদক শাফায়েত আলী, ৮ নং ওয়ার্ড সভাপতি আসমান আলী, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগ নেতা মহসীন কামাল প্রমুখ।

সভায় মহান বিজয় দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসুচি পালনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা রুইথনপুরে আর পি এল ক্রিকেট লিগের ফাইনাল খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার চিৎলা ইউনিয়নের রুইথনপুর স্কুল মাঠে এই লীগের আয়োজন করা হয়।

উক্ত খেলার ফাইনাল ম্যাচটি গতকাল অনুষ্ঠিত হয়েছিল।

উক্ত খেলায় যে দুটি দল অংশগ্রহণ করে লামিয়ার ট্রেডাস স্পোর্টিং ক্লাব ও বন্ধু স্পোর্টিং ক্লাব।

এই খেলায় লামিয়া ট্রেডার্স স্পোটিং ক্লাব ১৭ রানে বিজয়ী হয়।

উক্ত খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার আওয়ামী যুবলীগের কর্ণধর ও আহবায়ক জনাব নঈম হাসান জোয়াদ্দার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব জিল্লুর রহমান জিল্লু। উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কৃষকলীগের প্রচার সম্পাদক জনাব মহাসিন রেজা।

উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন যুবলীগের আহ্বায়ক জনাব এন্তাজুল হক, ইউনিয়ন যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব রবিউল ইসলাম মল্লিক, মঞ্জুরুল ইসলাম মঞ্জু, শাহ আল ইমরান, হাসানুজ্জামান ছরোয়ার।

আরো উপস্থিত ছিলেন ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য শহিদুল ইসলাম, বুলবুল ইসলাম, নুরুল ইসলাম, আজিজুল হক, ইদু, আশাবুল প্রমুখ।

প্রধান অতিথি চ্যাম্পিয়ণ দলের হাতে প্রথম পুরস্কার তুলে দেন।

ও বিশেষ অতিথি রানার আপ টিমের হাতে দ্বিতীয় পুরস্কার তুলে দেয়।

উক্ত খেলায় সভাপতি করেন রবিউল ইসলাম মল্লিক। অনুষ্ঠানটি পরিচালনা করেন রোকন ও ডাবলু।

- চিৎলা প্রতিনিধি